দৈনিক ইত্তেফাক

তারিখ 2 5 MAY 1987
পৃষ্ঠা ... কলাম ... 5

C36

# 'শিক্ষা ক্ষেত্রে ব্যয়বরাদ্দ ভবিষ্যতে হ্রাস করা হইবে না'

বাসস জানায়, শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলিয়াছেন, শিক্ষাখাতে বর্তমান বরাদ্দ ভবিষ্যতে হ্রাস করা হইবে না। গতকাল (বুধবার) সচিবালয়ে সরকারী ও বেসরকারী কলেজ শিক্ষক সমিতি ও স্কুলশিক্ষক সমিতির প্রতিনিধিদের সহিত আলাপকালে শিক্ষামন্ত্রী বলেন,

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষা ক্ষেত্রে ব্যয়বরাদ্দ

( ১ম পৃঃ পর )

প্রতি বৎসর শিক্ষাখাতে ব্যয় ও বরাদ্দ বৃদ্ধির মাধ্যমে ইহাই প্রমাণিত হইতেছে যে, সরকার শিক্ষার মানোন্নয়ন ও দেশের মানব সম্পদের উন্নয়নে অধিক দৃষ্টি দিয়াছেন। তিনি বলেন, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান-সমূহের শিক্ষকদের জন্য একটি কল্যাণ তহবিল সৃষ্টি ও গরীব মেধাবী ছাত্রদের উচ্চশিক্ষার জন্য শিক্ষা ঋণ চালু করার বিষয়টি সরকার চিন্তাভাবনা করিতেছেন। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার বিভিন্ন ক্ষেত্রে বাংলা ও ইংরাজী ভাষার ব্যবহার স্ব স্ব ক্ষেত্রে প্রয়োজন মোতাবেক অব্যাহত থাকিবে।